গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৯.২৪. ৫০

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ / ২৩ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মো: কাউছার হোসেন ফারুকী, অফিস সহায়ক, কার্যক্রম-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা (বর্তমানে সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ বদলীকৃত) বিগত ০৮/০৯/২০২৪ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় টেলিফোন নম্বর ০২-৫৫০০৭২০৩ হতে একটি বদলী আদেশ বাতিল করার জন্য জনাব মো: আসাদুজ্জামান সরদার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নারায়নগঞ্জকে আজে বাজে কথা বলেন ও ভবিষ্যতে দেখে নেওয়ার হুমকি প্রদান করেন। এ প্রেক্ষিতে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নারায়নগঞ্জ ১১/০৯/২০২৪ তারিখ ৪১.০১.৬৭০০.০০০.০৫.০১৩.২৪.১২৬ সংখ্যক স্মারক মূলে প্রেরিত পত্রে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, জনাব মো: কাউছার হোসেন ফারুকী বিগত ২৯/০৯/২০২৪ তারিখ বেলা ১২.৪৫ ঘটিকায় অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা এর কার্যালয়ে উপস্থিত হয়ে জাতীয় সমাজসেবা একাডেমির ডরমিটরিতে থাকার জন্য অধ্যক্ষ বরাবর লিখিত আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে তাকে সুনির্দিষ্ট কারণ এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করার পরামর্শ প্রদান করায় তিনি চরমভাবে ক্ষিপ্ত হন এবং তখনই দাখিলকৃত আবেদনটি সকলের সামনে ছিঁড়ে পকেটে রাখেন এবং নিজেকে রাজনৈতিক দলের কর্মী হিসেবে প্রকাশ্যে ঘোষণা ও রাজনৈতিক হুমকি প্রদান করেন। পরবর্তীতে উপাধ্যক্ষ জনাব জহিরুল ইসলাম কে উদ্দেশ্য করে ঔদ্ধত্যপূর্ণ আচরণ এবং হুমকি প্রদর্শন করেন যা সরকারি কর্মপরিচালনায় বাধা এবং কর্মপরিবেশ ব্যহত করার শামিল উল্লেখ করে অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা ২৯/০৯/২০২৪ তারিখ ৪১.০১.০০০০. ০১৮.১৯.০০৯.৯২.১১৮২ সংখ্যক স্মারক মূলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, জনাব মো: কাউছার হোসেন ফারুকী বিগত ২৬/১২/২০২৪ তারিখ জনাব মোঃ মকবুল হোসেন, অফিস সহায়ক, সংস্থাপন সেল, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকাকে বিনা কারণে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করেন। তিনি মাদকাসক্ত অবস্থায় এ ধরনের আচরণ করে থাকেন। ইতোপূর্বেও তিনি বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তা ও সিনিয়র কর্মচারীদের সাথে অশোভন আচরণ করেছেন এবং তাদেরকেও শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করেছেন;

যেহেতু, জনাব মো: কাউছার হোসেন ফারুকী তার ব্যক্তিগত ফেসবুক একাউন্টে বিগত ২০/০১/২০২৫ তারিখ সামাজিক নিরপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকার ২(দুই) জন কর্মকর্তা সম্পর্কে অসত্য, বানোয়াট ও মানহানিকর তথ্য দিয়ে পোষ্ট করেন, যা সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ এর পরিপন্থী। এতে তাদের সামাজিক ও ব্যক্তিগত সম্মান ক্ষুণ্ন হয়েছে এবং তারা মানসিকভাবে বিপর্যস্ত হয়েছেন। বিদ্যমান পরিস্থিতিতে তার পোষ্ট তাদের ব্যক্তিগত ও পারিবারিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ উল্লেখ করে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন;

যেহেতু, বিগত ২৭/০৫/২০২৪ তারিখ সমাজসেবা অধিদপ্তরের পদ্মা সম্মেলন কক্ষে (১০ম তলা) অধিদপ্তরের কর্মকর্তাদের 'দাপ্তরিক কাজে শুদ্ধাচার প্রতিষ্ঠায় আর্থিক বিধিবিধান অনুসরণের গুরুত্ব' শীর্ষক ইনহাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার সেশন পরিচালনা করেন। সেশন চলাকালীন জনাব মো: কাউছার হোসেন ফারুকী কোন প্রকার অনুমতি গ্রহণ ব্যতীত শ্রেণি কক্ষে প্রবেশ করেন। কোর্স সমন্বয়কারী কর্মকর্তা জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার (আরও) (গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা কর্তৃক তাকে বিনানুমতিতে শ্রেণি কক্ষে প্রবেশ করার কারণ জানতে চাইলে তিনি তাঁর ওপর ক্ষিপ্ত হয়ে উঠেন এবং জঘন্য অশালীন ও অশ্রাব্য ভাষা ব্যবহার করেন। উক্ত ঘটনা সংঘটিত হওয়ার সময় উপপরিচালক (গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ) ও উপপরিচালক (বয়স্কভাতা), সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা উপস্থিত ছিলেন। এ দুজন সিনিয়র কর্মকর্তা তাকে নিবৃত্ত করার চেষ্টা করেন। তাকে সমাজসেবা অধিদপ্তরের ২০/০১/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০৯.২২.৬৮ সংখ্যক অফিস আদেশ যোগে সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ বদলী করা হয় এবং বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ২২/০১/২০২৫ তারিখে অব্যাহতি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়। অন্যথায় তিনি ২৩/০১/২০২৫ তারিখ হতে সরাসরি অব্যাহতি প্রাপ্ত হবেন মর্মে আদেশ প্রদান করা হয়। কিন্তু তিনি অদ্যাবধি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেননি মর্মে সংশ্লিষ্ট উপতত্ত্বাবধায়ক জানিয়েছেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে জনাব মোঃ কাউছার হোসেন ফারুকী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০৭/০৫/২০২৫ তারিখ ৪১.০১.০০০০. ০১৪.২৭.০৩৯.২৪.২০৭ সংখ্যক স্মারক পত্র যোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর ১৭/২০২৫ তারিখ ০৭/০৫/২০২৫) দায়ের করা হয়;

যেহেতু, জনাব মোঃ কাউছার হোসেন ফারুকী বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ১৫/০৭/২০২৫ তারিখ তার শুনানি গ্রহণ করা হয়। শুনানি গ্রহণ শেষে বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য সহকারী পরিচালক (কার্যক্রম-১), সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ১৭/০৭/২০২৫ তারিখের ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৯.২৪.৩০০ সংখ্যক স্মারক পত্র যোগে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে জনাব মোঃ কাউছার হোসেন ফারুকী, অফিস সহায়ক, কার্যক্রম-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (বর্তমানে সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ বদলীকৃত) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, সমাজসেবা অধিদপ্তররের ১০/০১/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০৯.২২.৬৮ সংখ্যক আদেশ মোতাবেক জনাব মোঃ কাউসার হোসেন ফরুকী, অফিস সহায়ক-কে সরকারি শিশু পরিবার (বালক) ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ শূন্য পদে বদলী করা হয়। বদলী আদেশে ২৩/০১/২০২৫ তারিখে সরাসরি অব্যাহতি প্রাপ্ত হবেন বলা থাকলেও বিগত ০৪/০৩/২০২৫ তারিখ পর্যন্ত জনাব মোঃ কাউসার হোসেন ফরুকী, অফিস সহায়ক, সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জে যোগদান করেন নাই মর্মে উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক) ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ ০৪/০৩/২০২৫ তারিখ ৪১.০১.৫৯০০.০৩৫.১১.০১২.২৪-২৭ সংখ্যক স্মারকপত্র মূলে অবহিত করেন;

সেহেতু, জনাব মো: কাউছার হোসেন ফারুকী, অফিস সহায়ক, কার্যক্রম-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা (বর্তমানে সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ বদলীকৃত) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কর্মকর্তার তথ্য এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) (খ) মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। উক্ত দন্ড তার সার্ভিস বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২২.০২.২০২৬

(মোস্তফা মোস্তাকুর রহিম খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৯.২৪. ৫০(১৬)

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ।
৯. উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক) ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
১০. জনাব মো: কাউছার হোসেন ফারুকী, অফিস সহায়ক, কার্যক্রম-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা (বর্তমানে সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকুল, শ্রীনগর, মুন্সীগঞ্জ বদলীকৃত)।

২২/০২/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৭০